

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯০০

আগরতলা, ২১ নভেম্বর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

"আরজিএমে এক্সরে মেশিন বিকল দুর্ভোগ চরমে" শিরোনামে গত ১৭ নভেম্বর, ২০২৪ স্যন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, আরজিএম মহকুমা হাসপাতালের এক্সরে মেশিন বিকল হওয়ার বিষয়ে গত ১১ নভেম্বর, ২০২৪ সংশ্লিষ্ট কোম্পানির সার্ভিস সেন্টারে যোগাযোগ করা হয়। তারা ১৩ নভেম্বর, ২০২৪ তারিখে হাসপাতালে আসেন এবং মেশিনটি পরীক্ষা করে সারাই করতে ব্যর্থ হন। তারা তখন সিনিয়র সার্ভিস ইঞ্জিনিয়ারের সঙ্গে যোগাযোগ করেন এবং অচিরেই তারা সেটি সারাই করতে আসবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন।

হাসপাতালের কোয়ার্টার কমপ্লেক্স এলাকার জঙ্গল প্রতি তিন-চার মাস অন্তর অন্তর পরিষ্কার করা হয়। শীতের সময় আবার সেগুলি পরিষ্কার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
